সমকাল

তারিখ 21 DEC 2017
পৃষ্ঠা ৪ কলাম ৪

# প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে কাজ করছে 'রুম টু রিড'

■ সমকাল প্রতিবেদক

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে অঙ্গীকারবদ্ধ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা 'রুম টু রিড'। এ লক্ষ্যে সংস্থাটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সঙ্গে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে।

মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে আয়োজিত 'প্রাথমিক বিদ্যালয়গুলোর সঙ্গে সমঝোতা স্মারক' বিষয়ক মতবিনিময় সভায় এ তথ্য জানিয়েছে সংস্থাটি।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিভাগের প্রাথমিক শিক্ষা বিভাগীয় উপপরিচালক ইন্দু ভূষণ দেব। রুম টু রিডের ঢাকা ফিল্ডের পরিচালক এম এম শাইখুলুজ্জামান মিনারের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন ঢাকা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার শাহিন আরা বেগম, সংস্থাটির বাংলাদেশের প্রোগ্রাম অপারেশনস ডিরেক্টর জিল্লুর রহমান সিদ্দিক, লিটারেসি ডিরেক্টর শাহ আলম, লিটারেসি প্রোগ্রাম অফিসার আবদুল্লাহ আল মামুন প্রমুখ।

বক্তারা জানান, 'রুম টু রিড' বাংলাদেশে সাক্ষরতা কর্মসূচির আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিশুদের দক্ষতার উন্নয়নসহ শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা ও পাঠাগার কার্যক্রম সফলতার সঙ্গে বাস্তবায়ন করছে।